ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৭২৬

আগরতলা, ১২ নভেম্বর, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১ লা নভেম্বর ২০২৫ ইং তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত 'তীব্র সমালোচনার মুখে বন্ধ হচ্ছে পেভার ব্লকের রাস্তা নির্মাণ' শীর্ষক সংবাদটি রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকর্ষণ হয়েছে। সাথে সাথে সংবাদটি গভীর ভাবে বিশ্লেষণ করা হয়।

সংবাদে তীব্র সমালোচনার মুখে বন্ধ হচ্ছে পেভার ব্লকের রাস্তা নির্মাণ এবং পরিবর্তে পিচ ঢালাই (black top) রাস্তা নির্মাণ করা হবে বলে যা প্রকাশিত হয়েছে সেই পরিপ্রেক্ষিতে দপ্তর স্পষ্টিকরণ দিয়ে জানাচ্ছে যে, গ্রামোন্নয়ন দপ্তর এখন পর্যন্ত গ্রামীণ রাস্তা নির্মাণের ক্ষেত্রে ইটসলিং রোড, পেভার ব্লক রোড এবং সি সি রোড করে আসছে। এখন পর্যন্ত গ্রামোন্নয়ন দপ্তর কোন-পিচ ঢালাই রাস্তা নির্মাণ করে নি, যা রাজ্যের পূর্ত দপ্তর করে আসছে। কিন্তু জনসাধারণের সামগ্রিক দাবী ছিল যে গ্রামোন্নয়ন দপ্তর যাতে গ্রামীণ এলাকায় অন্যান্য রাস্তার সাথে পিচ ঢালাই রাস্তার কাজও করে। সেইমত গত ৩০ শে অক্টোবর ২০২৫ ইং তারিখে গ্রামোন্নয়ন দপ্তরের সচিবের পৌরোহিত্যে দপ্তরের কারিগরী শাখার মাসিক সভায় (monthly meeting) সিদ্ধান্ত নেওয়া হয় যে, গ্রামোন্নয়ন দপ্তর এখন থেকে অন্যান্য রকমের রাস্তার সাথে পিচ ঢালাই রাস্তাও নির্মাণ করবে। এক্ষেত্রে সিদ্ধান্ত হয়েছে যে, যোগাযোগ বিচ্ছিন্ন জনপদ (Uncconnected habitations) গুলির সাথে নিকটবর্তী PMGSY রোডের একটি স্থায়ী যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার পিচ ঢালাই রাস্তা সম্ভাব্যতা অনুযায়ী তৈরি করা হবে। তাই প্রকাশিত সংবাদ অনুযায়ী তীব্র সমালোচনার মুখে বন্ধ হচ্ছে পেভার ব্লকের রাস্তা নির্মাণ, একথা ঠিক নয় এবং বিভ্রান্তিকর। অন্যান্য রোড যথা ইটসলিং রোড, পেভার ব্লক রোড এবং সি সি রোডের কাজ ও সম্ভাব্যতা অনুযায়ী যথারীতি চলবে। এর সাথে পিচ ঢালাই রাস্তার কাজও গ্রামোন্নয়ন দপ্তর নতুন ভাবে নিতে চলেছে। তাই প্রকাশিত সংবাদ অনুযায়ী তীব্র সমালোচনার মুখে পেভার ব্লকের রাস্তা নির্মাণ বন্ধ হচ্ছে, এটা সঠিক নয় এবং বাস্তব তথ্যের সঙ্গে সামঞ্জস্য পূর্ণ নয়।

********